



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার ঢাকা

পত্র সংখ্যা : রেজি/প্রশাসন-২/১৭৮৫

তারিখ : ২১-১০-২০২১

নিয়োগ বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত পদে জনবল নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

নং	পদের নাম ও বেতনস্কেল	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	সহকারী স্টোরকীপার ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি (আইআইটি) জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী বেতনক্রম: ৯, ৩০০-২২, ৪৯০/- পদসংখ্যা: ১টি	ক) স্নাতক পাশসহ কম্পিউটারে বিভিন্ন প্যাকেজ প্রোগ্রামের সাহায্যে কাজ করার সন্তোষজনক অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষাজীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.৫-এর নিচে / তৃতীয় শ্রেণি গ্রহণযোগ্য নয়। অথবা খ) এইচএসসি বা সমমান পাশসহ কম্পিউটারে বিভিন্ন প্যাকেজ প্রোগ্রামের সাহায্যে কাজ করার ২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষাজীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.৫-এর নিচে/তৃতীয় শ্রেণি গ্রহণযোগ্য নয়।

২। অধিকতর যোগ্যতাসম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে যে কোনো শর্ত শিথিলযোগ্য।

৩। উপরোক্ত পদের জন্য প্রার্থীর সাদা কাগজে নিজের নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, জাতীয়তা, জাতীয় পরিচয়পত্র নাম্বার, মোবাইল নাম্বার, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ইত্যাদির বিবরণ এবং শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত কপি প্রতি সেটের সাথে সংযুক্ত করতঃ রেজিস্ট্রারের অনুকূলে অগ্রণী ব্যাংকের যে কোনো শাখা হতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস শাখার উপর ইস্যুকৃত ৩০০/- (তিনশত) টাকার ব্যাংক ড্রাফট (ফেরৎযোগ্য নহে) অথবা অগ্রণী ব্যাংকের বিবিধ জমা রশিদের মাধ্যমে ৩০০/- (তিনশত) টাকা অগ্রণী ব্যাংক জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস শাখার সিডি-৬৮ নং হিসাবে জমা দিয়ে উক্ত জমা রশিদ ও ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ ৭ (সাত) কপি দরখাস্ত আগামী ০৪-১১-২০২১ তারিখের মধ্যে রেজিস্ট্রার বরাবর পৌঁছাতে হবে।

৪। চাকরিরত প্রার্থীকে অবশ্যই স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৫। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত ও অসম্পূর্ণ দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।